

বঙ্গভবন ১৯ জুলাই ২০২২:

বাংলাদেশ ব্যাংকের নবনিযুক্ত গভর্নর আব্দুর রউফ তালুকদার সন্ধ্যায় বঙ্গভবনে রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদের সঙ্গে সাক্ষাৎ করেন।

নতুন গভর্নর দায়িত্ব পালনে রাষ্ট্রপতির সার্বিক সহযোগিতা ও দিকনির্দেশনা কামনা করেন।

রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ বলেন, করোনা মহামারি ও রাশিয়া-ইউক্রেন যুদ্ধের প্রেক্ষাপটে অর্থনৈতিক স্থিতিশীলতা রক্ষায় সঠিক আর্থিক ব্যবস্থাপনা খুবই গুরুত্বপূর্ণ। তিনি এ ব্যাপারে বাংলাদেশ ব্যাংকের কার্যক্রম আরো জোরদার করার পরামর্শ দেন। রাষ্ট্রপতি বলেন বিভিন্ন আর্থিক প্রতিষ্ঠানের কার্যক্রমে স্বচ্ছতা ও জবাবদিহি নিশ্চিত করতে এবং দেশীয় আর্থিক বাজারের প্রসার ও উন্নয়নে কার্যকর পদক্ষেপ গ্রহণ করা জরুরি। রাষ্ট্রপতি আশা করেন নতুন গভর্নর বাংলাদেশ ব্যাংককে আর্থিক খাতের প্রকৃত নিয়ন্ত্রক সংস্থা হিসেবে প্রতিষ্ঠা করতে পেশাদারিত্বের সাথে দায়িত্ব পালন করবেন।

এসময় রাষ্ট্রপতির কার্যালয়ের সচিব সম্পদ বডুয়া, সামরিক সচিব মেজর জেনারেল এস এম সালাহউদ্দিন ইসলাম এবং সচিব সংযুক্ত মোঃ ওয়াহিদুল ইসলাম খান উপস্থিত ছিলেন।